



শ্রী রাম চন্দ্র মিশন



১১৬, জন্মেত্সব পালন পূজ্য বাবুজী মহারাজ



প্রারম্ভিক ঘোষণা

১২ই জানুয়ারী শ্রদ্ধেয় কমলেশ ভাই সহজ সন্দেশের মাধ্যমে সারা পৃথিবীর অভ্যাসীদের ঘোষণা করলেন যে পূজ্য বাবুজী মহারাজের জন্ম দিবস ২৯শে এপ্রিল থেকে ১লা মে ২০১৫ লক্ষ্মনৌ ইউ.পি.তে পালন করা হবে এবং সবাইকে বিপুল সংখ্যায় উপস্থিত হতে আবেদন করলেন।

প্রস্তুতি

লক্ষ্মনৌ-এর উৎসব ঘোষণা হওয়া মাত্রই উৎসবের জন্য প্রস্তুতি শুরু হয়ে যায়। ২০১০-এ প্রিয় চারিজীর জন্মেদিবস পালন করার দীর্ঘ ৫ বছর পর এই উৎসবটি আয়োজনের জন্য বিপুল আগ্রহ দেখা গেল।

উৎসব কমিটি নিজের কাজ শুরু করল সূচনা পাঠানো দিয়ে নিবন্ধীকরণ আরম্ভ করা এবং স্বেচ্ছাসেবীদের দল গঠন করা যারা উৎসবের আয়োজন সবদিকগুলি দেখবেন যাতে তারা (স্বেচ্ছাসেবীরা) সবারই-এর দরকারের যোগান দিতে পারে এবং অভ্যাসীরা এই উৎসবের বাতাবরণে পুরোপুরি ডুবে যেতে পারে।

একটি ছোট কিন্তু একনিষ্ঠ স্বেচ্ছাসেবীদের দল উৎসব স্থলে

অবিরাম কাজ করল শ্রদ্ধেয় কমলেশ ভাই ১৫ই এপ্রিল উৎসবের প্রস্তুতির পর্যবেক্ষণ করতে লক্ষ্মনৌ এলেন এবং উৎসব স্থলটি ঘুরে দেখতে বেরিয়ে রান্নাঘর, অভ্যাসীদের থাকার জায়গা, সুখ নিবাস, ভোজনালয়, বই-এর স্টল, স্বাস্থ্যকেন্দ্র, শিশুকেন্দ্র এবং আরও বিভিন্ন নিকায়গুলির পরিদর্শন করলেন যেগুলি তৈরী করা হচ্ছিল। উনি প্রস্তুতির অগ্রগতি দেখে খুব খুশি হলেন এবং কিছু মূল্যবান প্রস্তাব দিলেন যাতে আরও কাজের উন্নতি হয়।

শ্রদ্ধেয় কমলেশ ভাই ২৭শে এপ্রিল উৎসবে যোগ দেবার জন্য হায়দ্রাবাদ থেকে লক্ষ্মনৌ পৌঁছালেন। বহু প্রতিক্ষিত উৎসবের পূর্বানুমানে তাঁর অভিনন্দন করা হয়।

২৭শে এপ্রিল বিকেল বেলায় তিনি একটি সংসঙ্গের পরিচালনা করলেন এবং ২৮শে এপ্রিল দুটি সংসঙ্গের পরিচালনা করলেন। অভ্যাসীদের তখন এই দেখে আশ্চর্য্য ও সাথে সাথে খুশিও হলেন যে শ্রদ্ধেয় কমলেশ ভাই নিজের হাতে করে ২৮ তারিখ সকালবেলায় তিন ঘন্টা ধরে খাবারের টোকন বিতরণ করেন এবং প্রত্যেক অভ্যাসী লাইন দিয়ে তাঁর কাছ থেকে টোকন সংগ্রহ



করেন। এছাড়াও তিনি পাঁচটা বিবাহ সম্পন্ন করেন।

উৎসব স্থল

বিপুল সংখ্যায় অভ্যাসীরা একত্রিত হওয়ায় ব্যবস্থাগুলিকে বিশাল একটি জায়গায় ছড়িয়ে দেওয়া হয়ে ছিল। একমাথায় নিবন্ধীকরণের জায়গা, বিছানা তাঁবু, প্রধান রান্নাঘর এবং অভ্যাসীদের জন্য ভোজনালয়। সাধনা কক্ষ যাবার রাস্তায় খাবার জলের ব্যবস্থা, বই-এর স্টল, দানপাত্র, ব্যাঙ্ক ও একটি বিশাল ভোজনালয় যাতে বিভিন্ন রকমের জলখাবারের আয়োজন করা হয়। শিশুকেন্দ্রটি ঠিক সাধনা কক্ষ যাবার পথে ভোজনালয়ের পাশে অবস্থিত যাতে অভিভাবকরা নিজেদের সন্তানদের অনায়াসে রেখে যেতে পারেন। তাঁবু থেকে প্রবেশ দ্বার পর্যন্ত যাতায়াতের ব্যবস্থা করা হয় যাতে অভ্যাসীরা অনায়াসে সাধনা কক্ষে আসা যাওয়া করতে পারে। সুখ নিবাসটি সাধনা কক্ষের একপাশে বানানো হয় যেখানে একটি ছোট ভোজনালয়ও ছিল। গুরুদেবের কটেজটি আর এক পাশে ছিল।

বই-এর স্টলটি বেশ বড় এবং তারই একটি ভাগে ছবিগুলি বিক্রির জন্য রাখা হয়। এইবারে একটি বিশেষ ব্যাপার ছিল যে বই-এর জায়গাটি একটি মলের মত মনে হচ্ছিল। কেউ কোন স্টলে গিয়ে পছন্দ মত বই, DVD, MP3 ইত্যাদি পছন্দ করে একত্রিত করতে পারে। প্রথমবার একটি centralised billing

system- ব্যবস্থা করা হয়ে ছিল যেখানে দশটি কাউন্টার ছিল যার মধ্যে কোন একটিতে গিয়ে নগদ বা ক্রেডিট কার্ড দিয়ে টাকা জমা দেওয়া যেত। যদিও মাঝে মাঝে ক্রেডিট কার্ড পেমেন্ট-এর যোগাযোগ ছিল হয়ে যাচ্ছিল তাও এটা অভ্যাসীদের কাছে একটা ভাল অনুভব হয়ে রইল।

সাধনা কক্ষ

এতগুলি জিনিসের মধ্যে সবথেকে চিত্তাকর্ষক ছিল চমৎকার সাধনা কক্ষটি যেটি ১ লক্ষ ৫৪ হাজার স্কয়ার ফিটের উপর জার্মান টেকনোলজি দিয়ে নির্মাণ করা ছিল হয়ে যাতে দুটি স্তরের মাঝে ১৩০ ফিটের দূরত্ব ছিল যার ফলস্বরূপ সম্পূর্ণ স্টেজের দৃশ্যগুলি প্রত্যেক অভ্যাসী নির্বিঘ্নে উপভোগ করতে পাচ্ছিলেন। একটি স্টেজ এবং তার সাথে বেশ কিছু LED পর্দা লাগানো হয়েছিল যাতে অভ্যাসীরা কার্যক্রমগুলি অনায়াসে দেখতে পান। যারা মাটিতে বসতে চেয়েছিলেন তাদের জন্য একটি আলাদা বিভাগে ব্যবস্থা করা হয়েছিল এবং যাদের চেয়ারের দরকার তাদের জন্য একটি বিশাল বিভাগে ব্যবস্থা করা হয়েছিল। প্রত্যেক বছর এই সময় লক্ষনৌতে যে পরিমাণে গরম পড়ে সেটা মাথায় রেখে ছাতটিকে একটি বিশেষ ধরনের প্লাস্টিকের চাদর দিয়ে ঢাকা হয়েছিল যেটা শুধু সাধনা কক্ষের তাপমাত্রাই কমাচ্ছিল না বৃষ্টির থেকেও রক্ষা করছিল। সাধনা কক্ষে বেশ কিছু সিলিং ফ্যান লাগানো হয়েছিল এবং পাশে পাশে কিছু সংখ্যায় মিস্ট ফ্যানও লাগানো হয় যা সাধনার পক্ষে উপযুক্ত বাতাবরণ তৈরী করে ছিল।

স্বেচ্ছাসেবীগণ

একটি একনিষ্ঠ স্বেচ্ছাসেবী দল ছাড়া এই পরিমাপের উৎসব আয়োজন করা যায় না, বিভিন্ন আয়ুর্বর্গের স্বেচ্ছাসেবীদের ভিন্ন ভিন্ন কাজ যেমন যাতায়াত, রক্ষণাবেক্ষণ, সাধনা কক্ষ, সুরক্ষা, স্বাস্থ্য ইত্যাদি কাজ দেওয়া হয়েছিল। এইবারের ভান্ডারাতে একটি চিত্তাকর্ষক পরিবর্তন করা হয় স্বেচ্ছাসেবকদের পরিহিত বন্ধনীতে লেখা বিষয়ভিত্তিক শব্দ দিয়ে।





নিরাপত্তা স্বেচ্ছাসেবকদের হাতবন্ধনীতে লেখা বিনয় (Humility), গৃহস্থলী স্বেচ্ছাসেবকদের জন্য – সেবাদান, স্বাস্থ্য পরিষেবা স্বেচ্ছাসেবকদের জন্য – প্রেম, সাধনা কক্ষ স্বেচ্ছাসেবকদের জন্য – নীরবতা ইত্যাদি।

নিবন্ধীকরণ (Registration)

সমাবেশে উপস্থিত প্রায় ২০,০০ লোক ২৮০০ শিশু সমেত তাদের নাম নিবন্ধীকরণ করে।

উৎসব পালন

২৯শে এপ্রিল সমারোহের সূচনা হয় ৬.৩০ টার ধ্যানের মধ্যে দিয়ে। মঞ্চটি সাজানো হয় একটি পটভূমির মাধ্যমে যেখানে প্রিয় বাবুজীর ছবি ও একধারে লেখা 'Unity with Sacred love' (পবিত্র প্রেমের সাথে ঐক্য)। সংসঙ্গ সম্পূর্ণ হওয়ার পর অনেকগুলো শিশুদের ডাকা হয় বিভিন্ন DVD, Audio Books প্রকাশনার সূচনা করার জন্য।

গুরুদেবের প্রথম বক্তৃতা

অভ্যাসীদের পুলকিত করে শ্রদ্ধেয় কমলেশ ভাই তিনটি বিষয়ে তাঁর বক্তব্য রাখেন – ধ্যান, সাফাই ও অবস্থা ধারণ করে রাখার গুরুত্ব এর ওপর।

সহজমার্গে আমরা যখন বলি, 'আমরা ইচ্ছার দাস স্বরূপ এবং তুমিই একমাত্র পারো আমাদেরকে ঈশ্বর ও শক্তির পর্যায়ে নিয়ে যেতে।' সুতরাং আমাদের প্রার্থনাতে আমরা বলতে বহুবচনের ব্যবহার করি এবং কখনই আমি একক অর্থে নয়? যাহেতু প্রার্থনাতে একমাত্র আমাদেরকে সীমাবদ্ধ রাখি। প্রার্থনা করা হয় সকলের জন্য কখনই শুধু নিজের জন্য নয়।

সাফাই প্রসঙ্গে – আমরা বসে যখন চিন্তা করি যে সমস্ত জটিলতা আমাদের থেকে পরিত্যক্ত ইচ্ছে, তখন পড়ে থাকে সরলতা এবং বসে ভাবি জটিলতা সমূহ বেড়িয়ে যাচ্ছে তখন কেবলমাত্র পড়ে থাকে পবিত্রতা।

অবস্থার ভাব বিষয়ে – যেমন একজন মা তার সন্তানকে নয় মাস গর্ভে ধারণ করে রাখে এবং তারপরে পার্থিব জগতে প্রসব করে, তেমনই গুরুদেব তাঁর মানসে (মনে) অভ্যাসীদেরকে সাত মাস অবধি ধারণ করে রাখে ও তারপরে আধ্যাত্মিক সত্ততে প্রদান করে ও তার সাথে আমরা অনন্তের বিলীন হই। তিনি সমস্ত অভ্যাসীদেরকে অনুরোধ করেন যে নিজেদের অন্তরে তারা যেন গুরুদেবের সাথে স্থায়ী যোগাযোগ রাখেন এবং এরজন্য অনুশাসন প্রয়োজনীয়।

১১ টার সংসঙ্গের পরে Complete Works of Ram Chandra,





Vol V -এর বিশেষ প্রকাশনার ব্যাপারে ঘোষণা করা হয়। এই সংখ্যাতে অপ্রকাশিত লেখা, বিভিন্ন চিঠির উদ্ধৃতি ও ১৯৪০ থেকে ১৯৭০ সাল পর্যন্ত বাবুজীর সাথে ঘরোয়া আলোচনার উদ্ধৃতাংশ।

গুরুদেব সন্ধ্যার ৫.৩০ টার সংসঙ্গের পরে আবার তাঁর বক্তব্য রাখেন প্রেম-ভালবাসার ওপর, অভ্যাসীরা যারা অনুশীলন বন্ধ করেছে তার কারণ এবং স্বাগত জানিয়ে তাদের প্রয়োজনীয় পরিবর্তনের বিষয়ে বলেন।

তিনি বলেন প্রেম হল এমনই পবিত্র যে তার বিষয়ে আলোচনা না করা শ্রেয়। প্রেমে কেবল প্রেমাস্পদ, প্রেমের মধ্যেই প্রিয়তম অন্তর্নিহিত।

তিনি ব্যক্ত করেন যে আমরা অভ্যাসীরা, সংস্কারের সাথে অহং-এর বিপুল বোঝা বহন করি যা আমাদের অগ্রগতির পথে বাধা হয়ে দাঁড়ায়, যার পরিবর্তন প্রয়োজন।

পরিবর্তনের বিষয়ে তিনি বলেন যে প্রগতির জন্য, আমাদের দরকার পরিবর্তন এবং এই পরিবর্তনকে গ্রহণ করা। আমরা এমন পরিবর্তন বিরোধী যে গুরুদেবের এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা সত্ত্বেও আমরা অবস্থায় রয়েছি তাতে স্থিত থাকি। গুরুদেব পরিবর্তনের পথে আমাদের আরন্ধ করবেন কেবলমাত্র তখনই যখন আমরা তা স্বীকার করে নেব। এই পরিবর্তন অস্বীকারের পথ সাধারণের জন্য নয় তা অসাধারণদের জন্য কারণ পরিবর্তন মেনে নেওয়া সহজ ব্যাপার নয়।

৩০শে এপ্রিল, ২০১৫

একটি অতিসুন্দর পটভূমির অলংকরণে সাজানো মঞ্চ প্রিয় বাবুজীর ছবি একদিকে আর অন্যদিকে এক ঝাঁক উড়ন্ত পাখি, সঙ্গে 'Harmony with sacred love' লেখা শব্দগুলো। [সম্প্রীতির সাথে বিশুদ্ধ প্রেম]

সকাল ৬.৩০ টার সংসঙ্গের পর ভাই গুরুপ্রীত দুটি ভজন শোনায়ে এবং সব অভ্যাসীরা তাতে মগ্ন থাকে বাবুজী জীবনের

ওপর প্রথম ও দ্বিতীয় পর্ব ধ্যানক্ষে ভিডিওতে দেখানো হয়। বেলা ১১ টার সংসঙ্গের পরে ভাই কৃষ্ণাকে আহ্বান করা হয় তার ভাবনা ব্যক্ত করার জন্য ও একটি বিশেষ সংখ্যা Whispers from The Brighter World প্রকাশ করার জন্য যাতে চারীজির উদ্দেশ্য বার্তা সমূহ লালাজী, বাবুজী, তাঁর মা জানকী, স্ত্রী সুলচনা এবং ভাই কোথানদারামান এর কাছ থেকে পাওয়া। ভাই কৃষ্ণা তার বক্তব্যে জানান যে তিনি বিশেষ ভাবে গর্বিত ও আনন্দিত যে গুরু পরম্পরায় যঁারা শ্রদ্ধেয় কমলেশ ভাইকে নির্বাচিত করেছেন আমাদের সকলকে নিরন্তর আধ্যাত্মিক অনুসন্ধানে নেতৃত্ব দেওয়ার জন্য। তিনি এও বলেন যে আমাদের অবশ্যই মনে রাখা প্রয়োজন যে গুরুদেব আমাদের সেবা করার জন্য নির্বাচিত হন নি পরন্তু গুরু পরম্পরা তাঁকে বেছে নিয়েছেন এবং তাঁদের ব্যাপারে তিনি প্রতিশ্রুতিবদ্ধ।

চারীজীর প্রসঙ্গে বলতে গিয়ে তিনি বলেন তাঁর পিতা মিশনের যে কোন কাজের ব্যাপারে শত বিপত্তির মধ্যেও শান্ত থাকেন নি যতক্ষণ না পর্যন্ত তা সম্পন্ন হয়। হুইস্পার ফর্ম দ্যা রাইটার ওয়াল্ড-এর প্রসঙ্গে জানান যে এই সমস্ত বার্তা প্রণীত করে একটি বিশেষ প্রকাশনার জন্য চারীজী চেয়েছেন ও তাতে কিছু ছবি অলংকৃত করে বিশেষ সংখ্যা প্রকাশ করার জন্য। বইটা যখন তৈরী হয়, চারীজী তখন উল্লসিত হয়ে তাঁর পাওয়া নতুন বার্তা সমূহ যোগ এবং করতে থাকেন অত্যন্ত আনন্দিত হন যখন প্রারম্ভিক বাঁধার করা বইটি প্রস্তুত হয়।

এরপরে বিভিন্ন প্রকাশনার সূচনা করে আমাদের সহজমার্গ পরিবারের শিশুরা।

সান্ধ্যকালের ৫.৩০ টার সংসঙ্গের পরে, ভগিনী রঞ্জনা মেহতা কয়েকটি গভীর অনুধাবনকারী ভজন পরিবেশন করে ও তাতে এক বিশেষ পরিমন্ডল সৃষ্টি হয়। এরপরে শ্রদ্ধেয় কমলেশ ভাই তাঁর বক্তব্য রাখেন। তিনি বলেন আমাদের সকলের বাধ্যতামূলক প্রয়োজন কোনরকম সমালোচনা না করার, আমাদের বোঝা এবং





ভাবা উচিং আমরা সকলে একই পরিবারের এবং গুরুদেবের সাথে স্থায়ীভাবে অন্তরের মধ্যে যুক্ত।

শ্রদ্ধেয় কমলেশ ভাই জানান যে তিনি বিরত কারণ অভ্যাসীরা স্বভাব বশতঃ সমালোচনা মূখর। তিনি বলেন আমরা সকলে মিলে এক পরিবার এবং একে অপরের সাথে কথা বলে কোন সমস্যার বিষয়ে সমাধানের চেষ্টা করি যা আমাদের নিজেদের পরিবারের মধ্যে করে থাকি। তিনি সমালোচনার ব্যাপারে বলেন যে প্রিয় চারিজীর মহাসমাধির পর মিশনের বিভিন্ন পরিবর্তনের কথা শুনতে পান এবং তা তিনি নির্ভয়ে প্রকাশ করেন যে তার প্রত্যেকটি কাজই গুরুদেবের পরম্পরার নির্দেশ অনুযায়ী হচ্ছে।

ইচ্ছা শক্তির ব্যাপারে তিনি বলেন আমাদের সকলের প্রয়োজন হল একটি দৃঢ় ইচ্ছা এবং তিনি তাই ক্ষমতা প্রদান করবেন। আমাদের কোন দৃঢ়ইচ্ছা স্থাপন করার প্রয়োজন।

আমাদের গুরুদেবের মত দৃঢ় ইচ্ছুক হওয়া উচিত। তবে 'আমাকে তোমার মতো করে দাও' এটি শুধু ভাবা বোকামি। প্রত্যেক পদক্ষেপে আমাদের চিন্তা করতে লাগবে যে আমাদের মধ্যে কিসের পরিবর্তন প্রয়োজন, আমাদের কি ধরনের দুর্বলতা দূরীভূত করতে হবে এবং কি ভাবে আমরা গুরুদেবের সাথে একটি স্থায়ী সংযোগ স্থাপন করতে পারবো।

গুরুদেবের দর্শনের উন্মত্ততার ব্যাপারে বলেন, বাবুজী কাছে অনেক মানুষই দেখা করতে আসতেন, কিন্তু তিনি তাদের দেখেও দেখেন নি। এটি তাঁর মতে দেখার জিনিস নয়, আমাদের মনে মধ্যে অনুভব করার জিনিস।

১লা মে ২০১৫

অনুষ্ঠানের শেষের দিন বিষয় ছিল 'পবিত্র প্রেমের সঙ্গে অপকাশিত নাম' শেষদিনের সংসঙ্গের পর



শ্রদ্ধেয় কমলেশ ভাই নিজেদের মধ্যে আধ্যাত্মিক অবস্থা চিহ্নিত করে কিভাবে সেটি অর্জন করা হয় তার ব্যাপারে বক্তৃতা দেন। তিনি অনুষ্ঠানের আমাদের বলেন যে, নিজেদেরকে প্রস্তুত করা, প্রত্যাশা ত্যাগ করা ও নির্দিষ্ট সময়ে ধ্যান করার ব্যাপারে এবং থিরুভল্লুরে পরবর্তী অনুষ্ঠানের বিপুল সংখ্যায় অভ্যাসীদের উপস্থিতির ইচ্ছা প্রকাশ করেন।

তিনি অনুষ্ঠানের সমস্ত স্বেচ্ছা সেবক, সম্মান প্রদর্শন কমিটি, লক্ষ্মনৌ অভ্যাসীরা, আশ্রম অধ্যক্ষ এবং সকলকে ধন্যবাদ জানান, এছাড়াও যারা একনিষ্ঠ ভাবে কাজ করে সুন্দরভাবে অনুষ্ঠানটিকে পরিচালনা করেছেন তাদেরও ধন্যবাদ দেন। তিনি প্রিয় চারিজীর ৮৮তম জন্মেৎসব উপলক্ষে থিরুভল্লুরে অভ্যাসীদের পূর্ণ উপস্থিতির কামনা করেন।

শেষ সংসঙ্গের পরে শ্রদ্ধেয় কমলেশ ভাই উদযাপন কমিটির সদস্যদের সঙ্গে কটেজে দেখা করেন, তাদের ধন্যবাদ জানান এবং তাদের সাথে প্রাতঃরাশ করেন। এরপরে ১০টার সময় সহজ মার্গ আধ্যাত্মিক ফাউন্ডেশন ট্রস্টী বোর্ডের সঙ্গে একটি মিটিং করেন এবং ১১টার সময় কর্ম দলের সদস্যদের সাথে আরও একটি মিটিং করেন এবং তারপরে তাদের সাথে তিনি মধ্যাহ্ন ভোজন করেন।

সকল অভ্যাসী তাদের অনুষ্ঠানে উপস্থিতি চিহ্নিত করার জন্য গোল্ডেন বইতে হস্তাক্ষর করেন। প্রায় দশটি মোবাইল দলের স্বেচ্ছাসেবকরা বাসস্থান শিবিরে এই হস্তাক্ষর করার সুবিধা প্রদান





করেন। শ্রদ্ধেয় কমলেশ ভাই-এর দেওয়া পরামর্শ অনুযায়ী প্রার্থনা এবং চিত্তাধারার উপর ভিজিটিং কার্ডের আকারে ছাপা এবং বাবুজী মহারাজের লেখা 'ব্যক্তিত্ব সমস্যা' শীর্ষক একটা নিবন্ধ ধারণাকারী বিলিপত্র অভ্যাসীদের মধ্যে বিতরণ করা হয়।

শিশু ও যুবা সেন্টার কার্যক্রম

বিভিন্ন বয়সী ছেলেদের জন্য 'স্পন্দনশীল শিশু' কেন্দ্র তৈরী করা হয়েছে। এটির পরিচালনার সময় হল সকাল ৬টার থেকে ৭টা। নির্ধারিত সময়ে অনুষ্ঠানটির পরিচালনা করা হয়েছে যাতে তাদের বাবা ও মায়ের সংসঙ্গে যোগদান করতে কোনোরকম বাধা না হয়। ২৮০০ শিশু এই অনুষ্ঠানে নিবন্ধিত ছিল এবং তিনটি দলে ভাগ করা হয়। কার্যক্রম 'সরলতা' এই বিষয়ের উপর ভিত্তি করেছিল এবং সমগ্র এলাকা সারা বিশ্ব থেকে উৎসাহী শিশুদের দ্বারা হৃদয় আকৃতির কাট-আউট এর সঙ্গে সজ্জিত ছিল। বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালিত করে শিশুদের আনন্দ প্রদান করা হয় এবং আমাদের অভ্যন্তরে মূল্যবোধকে জাগানো। এছাড়াও আরও একটি আকর্ষণীয় জিনিস ছিল শিশুদের জন্য, ভাগ্যবান কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ। বিজয়ীরা এই ভান্ডারা অনুষ্ঠানে মিশনের

পুস্তক প্রকাশনায় সুযোগ পাবে। শিশুরা শ্রদ্ধেয় কমলেশ ভাই-এর উপস্থিতিতে কয়েকটি প্রকাশনায় মুক্তির সুযোগ পেয়ে বেশ আনন্দিত হয়ে ছিল।

প্রতিটি দিন ছাদের বাগানে শিশুরা মাটি তৈরী করা এবং চারা গাছ বপন করার কাজে জড়িত ছিল। এরপর 'ভারী বৃক্ষ' (Speaking Tree) অনুষ্ঠানে একটি নীরব সময়ের মাধ্যমে গাছপালার সঙ্গে ভাব আদান-প্রদান করে। অনুষ্ঠানের শুরুতে শিশুদের বিনোদন কৌশল করে দেখান হয়। নবম স্ত্রটি মুখস্ত উপরে একটি অনুষ্ঠান হয়। বাবুজীর জীবনকে শিশুদের কাছে অবগত করার জন্য ৩০শে এপ্রিল বাবুজীর শৈশবের মূল বিষয়ের উপর একটি সংক্ষিপ্ত উপস্থাপন ব্যবস্থা করা হয়। তারপরে 'বাবুজীর জীবনী'-র ভিডিও দেখানো হয়। লক্ষ্মনৌ নগরের উপর একটি সংক্ষিপ্ত উপস্থাপনা ছিল। ইউ.পি.ভ্রমণ পর্যটন মন্ত্রালয় ২৯ ও ৩০শে এপ্রিল পাপেট শো ও যাদুগর দিয়ে শিশুদের মনোরঞ্জন অনুষ্ঠানটি পরিচালনা করা হয়। গান এবং নাচের উপর একটি সাংস্কৃতিক অনুষ্ঠান কানপুর, বিজয়ওয়াড়া, লক্ষ্মনৌ এবং চেনাই -এর শিশুদের দ্বারা সঞ্চালিত হয়।



শ্রী রাম চন্দ্র মিশন



ইকোজ্ হিন্দিয়া নিউজলেটার




১৩ থেকে ১৭ বছরের আয়ুর্গের অংশগ্রহণকারীরা NASA আত্মরক্ষা খেলার আনন্দ উপভোগ করে। 'তার সঙ্গে সংযুক্ত', 'গুরুদেবের উপর বিশ্বাস' এবং 'তার মিশনের প্রচার' এই বিষয়গুলির উপর আয়োজিত পর্বেও তারা অংশ গ্রহণ করল। বক্তারা নিজের জীবনের অভিজ্ঞতা ও গুরুদেবের অভিজ্ঞতার কথা বললেন।

শিশু এবং যুবা কেন্দ্রের কার্যক্রমটি গুরুদেবের দিক থেকে দেওয়া আইক্রিম ভোজ-এর সাথে অনুষ্ঠানটি পরিসমাপ্ত হল।



নতুন প্রকাশনা মুক্তি

Books



Complete Works of Ram Chandra
Volume 1 (Tamil)

Complete Works of Ram Chandra
Volume 4 (Hindi)


The Story of Divine Revolution
(English)




Complete Works of Ram Chandra
Volume 5

(English, Gujarati, Hindi, Kannada,
Marathi, Tamil, Telugu)


MP3 Audiobook




Whispers from the Brighter World
Hindi



Voice Real
English



Commentary on Ten Maxims &
Efficacy of Raja Yoga
Telugu



Commentary on Ten Maxims &
Efficacy of Raja Yoga
Urdu


শ্রী রাম চন্দ্র মিশন



ইকোজ্ ইন্ডিয়া নিউজলেটার

নতুন প্রকাশনা মুক্তি

continued...



MP3 Audio

Raagon Ke Rang, Malik ke sang
Hindi

English DVDs

50 Years of Splendour

Cleanliness and Purity









The Universe is Love

Experience and Condition

Evolve With Time

Read & Enjoy

A Seed for Future



Hindi DVDs

Sadhana Me Dubiye

Sahaj Marg Ko Dil Se Apnayiye

Ten Maxims - Rishi Ranjan

To download or subscribe to this newsletter, please visit <http://www.sahajmarg.org/newsletter/india> For feedback, suggestions and news articles please send email to in.newsletter@srcm.org

© 2015 Shri Ram Chandra Mission ("SRCM"). All rights reserved. "Shri Ram Chandra Mission", "Sahaj Marg", "SRCM", "Constant Remembrance" and the Mission's Emblem are registered Trademarks of Shri Ram Chandra Mission. This Newsletter is intended exclusively for the members of SRCM. The views expressed in the various articles are provided by various volunteers and are not necessarily those of SRCM.